**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**27 NOVEMBER 2024** **7:35 AM IST**

=================================================================

হোজাই জেলা সদরের নাম শংকরদেব নগর করা হয়েছে । গতকাল বিকেলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিতে দিসপুরে আয়োজিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

মন্ত্রীসভার বৈঠকের পর রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সাংবাদিকদের জানান যে মিছিং সম্প্রদায়ের জাতীয় উৎসব আলি আয়ে লগাং দিনটি মিছিং বসতি প্রধান ১১টি জেলায় সরকারী বন্ধ হিসেবে ঘোষনা করা হবে । এছাড়া রাজ্যের ১০৮ মৃত্যুঞ্জয় পরিসেবা'র উন্নীতকরণের জন্যে ১১৫ কোটি টাকা বরাদ্দের বিষয়ে আসাম মন্ত্রীসভা অনুমোদন জানানো সহ রাজ্যের কৃষি বিপণন কর্মচারীদের স্বেচ্ছামূলক অবসরের প্রকল্পেও মন্ত্রীসভায় অনুমোদন জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক রাজ্যের উগ্রপন্থী সংগঠন 'আলফা স্বাধীন'এর নিষিদ্ধ ঘোষণার মেয়াদ আরো পাঁচ বছর বৃদ্ধি করেছে মন্ত্রক জানিয়েছে যে বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইনের অধীনে আজ থেকে কার্যকর হওয়া এই নিয়মের আওতায় সংগঠনটি পুনরায় পাঁচ বছরের জন্য নিষিদ্ধ সংগঠন হিসেবে পরিগণিত

হচ্ছে । উল্লেখ্য- আলফা'কে ১৯৯০ সালে প্রথমবারের জন্য নিষিদ্ধ ঘোষণা করা হয় এবং পরে সময়ে সময়ে এর মেয়াদ বৃদ্ধি করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার লালা চক্র আধিকারীকের কার্য্যলয় বন্ধ করে দেওয়ার প্রস্তাবের প্রতিবাদে লালা সার্কেল অফিস বাঁচাও কমিটি মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার কাছে স্মারক পত্র পাঠিয়েছে । গতকাল কমিটির সভাপতি মৃণাল কান্তি মজুমদারের নেতৃত্বে এক প্রতিনিধি দল হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের সঙ্গে সাক্ষাৎ করে স্মারকপত্রটি প্রদান করেন । স্মারক পত্রে বলা হয়েছে যে- ১৯৭২ সালে লালা- শহরের মর্যাদা পায় । এই কার্যালয়টি স্থানীয় প্রশাসনিক সেবা প্রদান করা লালার একমাত্র গুরুত্বপূর্ণ সরকারি প্রতিষ্ঠান , এই কার্যালয়টি বন্ধ করা হলে চা বাগান সম্প্রদায়ের লোক সহ এলাকার অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া জনসাধারণ দুর্ভোগের সম্মুখীন হবেন বলে উদ্বেগ প্রকাশ করা হয়েছে । এই স্মারক পত্রের প্রতিলিপি হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া সহ স্থানীয় জনপ্রতিনিধি ও আধিকারিকদেরও কাছে পাঠানো হয়েছে ।

---

শিলচর লামডিং ব্রডগেজ রূপায়ন সংগ্রাম কমিটির পক্ষ থেকে বরাক উপত্যকার রেল পরিষেবা সংক্রান্ত সমস্যার সমাধ্যানের দাবী জানিয়ে গতকাল শিলচর রেল স্টেশনে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে পাহাড় লাইনে উন্নত বৈজ্ঞানিক প্রযুক্তি ব্যবহার করে পাহাড় লাইনের পূর্ন সংস্কার করার দাবী জানানো হয়েছে । এছাড়া লংকা-চন্দ্রনাথপুর বিকল্প রেল পথের কাজ অবিলম্বে শুরু করারও দাবী জানানো হয়েছে ।

---

উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ বাংলাদেশে স্বামী চিন্ময় কৃষ্ণদাস ব্রহ্মচারীকে গ্রেপ্তার ও সে দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেদের উপর নির্যাতনের প্রতিবাদে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হস্তক্ষেপ চেয়ে চিঠি

পাঠিয়েছেন । চিঠিতে বিধায়ক শ্রী পুরকায়স্থ অবিলম্বে স্বামী চিন্ময় কৃষ্ণদাস ব্রহ্মচারীকে মুক্তির জন্য ভারত সরকারকে বাংলাদেশ সরকারের সঙ্গে কথা বলতে অনুরোধ করেছেন ।

---

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে সম্প্রতি করিমগঞ্জ জেলার নাম পরিবর্তনের তীব্র প্রতিবাদ জানিয়েছে । দলের পক্ষ থেকে স্বাধীনতা সংগ্রামের ঐতিহ্যমন্ডিত করিমগঞ্জ জেলার নাম পরিবর্তন করার অধ্যাদেশ অবিলম্বে প্রত্যাহার করে , করিমগঞ্জ জেলা রাখার দাবী জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার সহকারী কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার ৪০টি সৌর চালিত অগভীর নলকূপ ৮৫ শতাংশ রেহাই মূল্যের প্রদানের জন্য দরখাস্ত আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে জেলার কৃষকদের আগামী ৫ই ডিসেম্বরের মধ্যে নির্ধারিত প্রপত্র পূরন করে আবেদন করতে অনুরোধ করেছেন ।বিশদ বিবরন জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---